

# “নারী সমবায়ীগণের উপর আয়বর্ধক প্রশিক্ষণের অর্থনৈতিক ও সামাজিক প্রভাব মূল্যায়ন: প্রেক্ষিত রাজশাহী বিভাগ” শিরোনামে গবেষণায় কেস স্টাডি সংক্রান্ত।

( মোছাঃ ঝর্ণা, সদস্য আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ  
সোসাইটি লিঃ ভান্ডারপুর, বদলগাছী, নওগাঁ)

১। সমিতির প্রাথমিক পরিচিতি (লোকেশন,নিবন্ধন নং সাল) আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ 18/05/2011 সালে ২০ জন সদস্য নিয়ে এলাকার সমমনা ব্যাক্তি এবং সাধারণ মানুষের জীবন যাত্রার মান উন্নয়ন এবং বেকার যুবকদের কর্মসংস্থান ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এর লক্ষ্য সমিতিটি গঠন করা হয়, ভান্ডারপুর বাজার,বদলগাছী নওগাঁয় তার ভাড়াকৃত অফিস স্থাপন করে, জেলা সমবায় অফিসার, নওগাঁ মহোদয় এর কার্যালয়ে নিবন্ধনের জন্য আবেদন করা হয় , সে মোতাবেক জেলা সমবায় অফিসার, নওগাঁ, মহোদয় নিবন্ধন প্রদান করেন, নিবন্ধন নং- ১৪২, তারিখ:-18/05/2011 খ্রিঃ । সংশোধিত রেজি নং 30,তারিখ:-07/05/2013খ্রিঃ।

2। সমিতিতে সদস্য হওয়ার পটভূমি/সমিতির সদস্য ক্ষেত্রে সামাজিক/ পারিবারিক বাধার স্বরূপঃ জনাব মোছাঃ ঝর্ণা,স্বামী মোঃ দেলোয়ার ,মাতাঃ কারিমা বেগম, গ্রামঃ কেশাইল,ডাকঃ ভান্ডারপুর,উপজেলাঃ বদলগাছী, জেলাঃ নওগাঁ তিনি তাঁর পারিবারিক কারন জনিত আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর সদস্যভুক্তি হওয়ার জন্য সমিতিতে আবেদন করেন ,সেই আলোকে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সম্মতিতে এবং ভর্তি ফি 20/-টাকা, শেয়ার বাবদ আদায় 100/-টাকা এবং সঞ্চয় বাবদ 500/-টাকা জমা দিয়ে 02/02/2012খ্রি. তারিখে সমিতিতে ভর্তি হন,সদস্য নং -648,। প্রতিবেদন মাস পর্যন্ত তাঁর শেয়ার জমা রয়েছে 800/-টাকা এবং সঞ্চয় জমা রয়েছে 3698/- টাকা,সমিতিতে সদস্য হওয়ার ক্ষেত্রে সামাজিক বা পারিবারিক কোন বাধা ছিলো না।

3। আইজিএ প্রশিক্ষণ গ্রহণের পূর্বে সদস্যে অবস্থা কেমন ছিল/আইজিএ প্রশিক্ষণ গ্রহণ করার পর সদস্যের উন্নয়নচিত্রঃ জনাব মোছাঃ ঝর্ণা তিনি সমিতিতে সদস্য হওয়ার পূর্বে অন্যত্র স্বল্প মজুরীতে কাজ করতো, স্বামী ও সংসার নিয়ে অনাহারে অর্ধাহারে দৈন্যতায় দিনাতিপাত করতেন। জেলা সমবায় অফিস এর আয়োজনে এবং উপজেলা সমবায় অফিসের ব্যবস্থাপনায় উপজেলা পর্যায় আইজিএ প্রশিক্ষণ গ্রহণ করার পর আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর সদস্যভুক্তি হওয়ার পর সমিতি থেকে গবাদিপশু পালন খাতে 10000/- (দশ) হাজার টাকা ঋণ গ্রহণ করে, ছাগল পালন শুরু করেন (সচিত্র প্রতিবেদন সংযুক্ত), এবং কিছুটা উন্নয়ন পথে ধাবিত হয়।

4। প্রশিক্ষণ গ্রহণের পর সদস্যের গৃহীত আয়বর্ধকমূলক কার্যক্রমের বিবরণ তুলে ধরা হলোঃ জনাব মোছাঃ ঝর্ণা তিনি সমিতিতে সদস্য হওয়ার পূর্বে অন্যত্র (চেইনসপ এর মাধ্যমে)স্বল্প মজুরীতে কাজ করতো, আইজিএ প্রশিক্ষণ গ্রহণের পর তাঁর জীবনের গতি পরিবর্তন হওয়া শুরু হয়েছে, যেমনঃ তাঁর সেলাই কার্যক্রম করে মাসে 3000/- টাকা থেকে 4000/-টাকা উপার্জনহতে শুরু হয়েছে, ফলে স্বামীর সঙ্গে তিনিও সংসারে অবদান রেখে চলেছেন এবং সাংসারিক অন্যান্য অভাব অভিযোগ মেটানোর প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। এছাড়া প্রশিক্ষণ লব্ধ জ্ঞান তাঁর পারিবারিক জীবনের কাজে লাগাতে সক্ষম হয়েছে।

5। প্রশিক্ষণ পরবর্তী সময়ে আয়বর্ধকমূলক কার্যক্রম গ্রহণ করার পর অর্থনৈতিক ও সামাজিক পরিবর্তন চিত্রঃ জনাব মোছাঃ ঝর্ণা প্রশিক্ষণ পরবর্তী তাঁর জীবনের আমূল পরিবর্তন সাধিত করে, যেমন নিজেই স্বাবলম্বী হিসেবে সমাজে এবং

পরিবারে একজন সফল উদ্যোক্তা হিসেবে পরিচয় দিয়েছেন, কারন নিজের এবং পরিবারের প্রয়োজন মতো কাপড় প্রস্তুত করা এবং পরিবারের বাহিরে চেইনসপ এর মাধ্যমে পোষাক তৈরি করে অর্থনৈতিক ও সামাজিকভাবে কিছুটা স্বাবলম্বী হয়েছেন।



6। আয়বর্ধকমূলক কার্যক্রম গ্রহণের ফলে কোন স্বীকৃতি থাকলে তার উল্লেখ: জনাব মোছঃ ঝর্ণা জেলা সমবায় অফিস নওগাঁ এবং উপজেলা সমবায় অফিস কর্তৃক আইজিএ প্রশিক্ষণ গ্রহণ করলেও এবং সেই প্রশিক্ষণ লব্ধ জ্ঞান /হাতেখরি নিয়ে পোষাক পরিচ্ছদ তৈরি করলেও সরকারী কোন দপ্তর বা প্রতিষ্ঠান কর্তৃক স্বীকৃতি লাভ করেন নাই।

7। প্রশিক্ষণ ও গৃহীত আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা থাকলে উল্লেখ করা হলো: জনাব মোছঃ ঝর্ণা জেলা সমবায় অফিস নওগাঁ এবং উপজেলা সমবায় অফিস কর্তৃক আইজিএ প্রশিক্ষণ গ্রহণ ও গৃহীত আয়বর্ধনমূলক কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে ব্যাপক প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয়, (যেমন: পুঁজিগত প্রতিবন্ধকতা, পণ্য বিপন্ন ব্যবস্থা, ও প্রশিক্ষণ পরবর্তী গুনগতমান যাচাই ব্যবস্থার) ইত্যাদির প্রতিবন্ধকতা রয়েছে। বিশেষভাবে উল্লেখ যে, জনাব ঝর্ণার তাঁর জীবনের অধিকাংশ সময় পরিবারকে দিলেও তাঁর জীবনের বড় ঝড় আসে গত 06/12/2021খ্রি, তারিখে তাঁর স্বামীর মৃত্যু জনিত কারনে জীবনের ও কাজের প্রতিবন্ধকতা শুরু হয়।

8। সমিতির বিশেষ কার্যক্রম ও আইজিএ প্রশিক্ষণের ছবি: ক) আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ 18/05/2011 সালে ২০ জন সদস্য নিয়ে এলাকার সমমনা ব্যক্তি এবং সাধারণ মানুষের জীবন যাত্রার মান উন্নয়ন এবং বেকার যুবকদের কর্মসংস্থান ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এর লক্ষ্য সমিতিটি গঠন করা হয়, সমিতির জৈব পদ্ধতিতে গবাদিপশু পালন সংক্রান্ত প্রশিক্ষণ দিয়ে গরু ছাগল ও হাঁস মুরগি পালনের জন্য ঋণ সহায়তা প্রদান ,এবং বিভিন্ন সময় সমিতির সদস্য এবং অসহায়, শ্রমজীবী ,দুঃস্থ সাধারণ খেটে খাওয়া মানুষের মাঝে ত্রাণ সহায়তা প্রদান, ঝড়ে পড়া ও প্রতিবন্ধীদের আর্থিক সাহায্য শিশুদের শিক্ষার ব্যবস্থা এবং শিক্ষা উপকরণ প্রদান করে আসছে। করোনা কালীন দুস্থ্য ও অসহায়দের মাঝে সহায়তা প্রদান, বিশেষ চাহিদা সম্পর্ন মানুষদের(প্রতিবন্ধী) শীতবস্ত্র ও সহায়ক উপকরণ প্রদান।

আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ  
ভাভারপুর, বদলগাছী, নওগাঁ।

বরাবর,  
সভাপতি, বঙ্গবান্দক  
আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ  
ভাভারপুর বাজার, বদলগাছী, নওগাঁ।

বিষয়: অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা ভাতা মঞ্জুরি আবেদন করা।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি.....বিদ্যোৎসবী..... প্রতিবন্ধী ব্যক্তি। আমার  
বয়স.....৩০..... বছর। আমার মায়ের নাম কো-অপারেটিভ সোসাইটি লিঃ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী  
ব্যক্তিদের জন্য বরাদ্দ কৃত চিকিৎসা ভাতা প্রাপ্তি আবেদন করছি। আমার তথ্যাবলি নিম্নে প্রদত্ত  
হবে।

১। নাম:.....বিদ্যোৎসবী..... মাতার নাম:.....কুমারী, হারিদা.....  
পিতার নাম:.....কুমারী, হারিদা.....

(ক) বর্তমান ঠিকানা:.....ভাভারপুর, বদলগাছী, নওগাঁ..... (খ) স্থায়ী ঠিকানা:.....ভাভারপুর, বদলগাছী, নওগাঁ.....

সদস্যকারীর স্বাক্ষর.....বিদ্যোৎসবী..... আবেদনকারীর স্বাক্ষর /চিহ্ন সহি.....বিদ্যোৎসবী.....

সুশাসিত আবেদনকারীর বর্ণনা সত্য তিনি চিকিৎসা ভাতা প্রাপ্তি যোগ্য ভাবে চিকিৎসা ভাতা  
প্রদান করা যেতে পারে।

চিকিৎসা ভাতা মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ.....কুমারী, হারিদা.....  
.....কে মাসিক.....৩০০০..... টাকা হারে চিকিৎসা ভাতা মঞ্জুর করা হইল।

তারিখ:.....০৬/১২/২০২১.....

খ) সমিতিটি অভ্যন্তরীণ নিরীক্ষা সেল গঠন করেছেন। প্রতিমাসে অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করে, এবং সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট অডিট প্রতিবেদন দাখিল করেন। এছাড়াও সমবায় বিভাগ কর্তৃক অডিট অফিসার নিয়োগ কল্পে প্রতি বছর বার্ষিক অডিট কার্যক্রম করে থাকে। অডিট অফিসার কর্তৃক অডিট প্রতিবেদন দাখিল করলে সমবায় সমিতি আইন /০১ সংশোধিত/০২ ও ১৩ এবং বিধিমালা/২০০৪ অনুযায়ী (ক) অডিট নোটের সংশোধনী, (খ) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, (গ) বাজেট দাখিল (ঘ) অডিট অফিসার কর্তৃক ধার্যকৃত অডিট ফি, অডিট ফি এর ভ্যাট, সমবায় উন্নয়ন তহবিল প্রদান সহ যাবতীয় নির্দেশনা বাস্তবায়ন করেন। সর্বশেষ ২০২০-২০২১ সনের অডিট ২২/১১/২০২১খ্রি. তারিখে সম্পাদন করা হয়।



সামাজিক কার্যক্রমের সচিত্র প্রতিবেদন।